

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ



Md. Shahriar Alam, MP

State Minister

মোঃ শাহীরিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৫ আগস্ট ২০২০

আজ শোকাবহ ১৫ আগস্ট। জাতীয় শোক দিবস। বাংলালি জাতির ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনক একটি দিন। ৪৫ বছর পূর্বে এইদিনে ঘাতকের বুলেটের নিষ্ঠুর আঘাতে সপরিবারে প্রাণ দিয়েছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাংলালি, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

সেই কালরাতে হায়েনাদের থাবা থেকে বাঁচতে পারেনি বঙ্গবন্ধুর শিশুপুত্র রাসেলও। সেসময় বঙ্গবন্ধুর সহধর্মীনী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছাকেও নির্মমভাবে হত্যা করা হয়, যিনি বাংলালি জাতির মুক্তির সংগ্রামে বঙ্গবন্ধুর পাশে থেকে সারা জীবন সহযোগিতা করেছেন। বিদেশে অবস্থান করায় সেই হত্যায়জ্ঞ থেকে সৌভাগ্যক্রমে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা শেখ হাসিনা (বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী) ও শেখ রেহানা।

শোকাবহ এই দিনে, আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের প্রতি, যারা সে হত্যাকাণ্ডে শহিদ হয়েছিলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী, সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে এদেশের মানুষ পরাধীনতার শৃঙ্খল ভেঙে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। বাংলালি পেয়েছে স্বাধীন রাষ্ট্র, নিজস্ব পতাকা ও জাতীয় সংগীত। আগামী বছর বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়স্তু এবং এ বছর পালিত হচ্ছে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী, যা আমাদের ইতিহাসে বিরল ঘটনা।

বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধে বিজয়ের ৩ মাসের মধ্যে মিত্রাহিনীকে প্রত্যাহার, ১০ মাসের মধ্যে নতুন রাষ্ট্রের জন্য একটি সংবিধান প্রণয়ন, শতাধিক দেশ থেকে বাংলাদেশের স্বীকৃতি আদায় এবং জাতিসংঘ, কমনওয়েলথ অব নেশনস, ন্যাম ও ওআইসিসহ গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভের মাধ্যমে নতুন প্রজাতন্ত্রের ভিত্তি স্থাপন করেছিলেন। মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত এবং অর্থনৈতিকে পশ্চাত্পদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন বঙ্গবন্ধু। মাত্র সাড়ে তিনি যখন যুদ্ধবিধিত দেশটির পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ সম্পন্ন করেন, ঠিক সেই সময় দেশ ও জাতির শক্র কতিপয় কুচক্ষী তাঁকে হত্যা করে দেশের অগ্রগতিকে রুদ্ধ করার ঘৃণ্য প্রয়াস চালায়। ইনডেমনিটি অধ্যাদেশ জারি করে বঙ্গবন্ধু হত্যার বিচারের পথ বন্ধ করে দেওয়া হয়। বঙ্গবন্ধুর হত্যাকারীদের পুরস্কৃত করা হয়, বিদেশস্থ দৃতাবাসে চাকরি দেয়া হয়, রাষ্ট্রীয় ক্ষমতার অংশীদার করা হয় এবং রাজনৈতিক ও সামাজিকভাবে করা হয় প্রতিষ্ঠিত। গণতন্ত্র ও আইনের শাসন সমূলত রাখতে আওয়ামী লীগ সরকার জাতির পিতার হত্যার রায় কার্যকর করেছে। ৫ জন খুনি এখনও পৃথিবীর বিভিন্ন দেশে পলাতক আছে। তাদের দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করতে সরকার বন্ধ পরিকর।

বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে ঘাতকেরা বাংলার মাটি হতে মুক্তিযুদ্ধের চেতনা, অসাম্প্রদায়িকতা এবং সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার মূল্যবোধ মুছে দিতে চেয়েছিল। কিন্তু বঙ্গবন্ধুর মৃত্যু হলেও তাঁর মূল্যবোধ, নীতি ও আদর্শের মৃত্যু হয়নি, বরং তাঁর আদর্শ প্রোত্থিত রয়েছে বাংলার জনগণের হৃদয়ে। সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি ও তাদের জীবনমানের উন্নয়নসহ মৌলিক অধিকার প্রতিষ্ঠা করতে আলোকবর্তিকা নিয়ে জাতির পিতার দেখানো পথে অবিরাম কাজ করে চলেছেন বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈশ্বিক সমস্যা করোনা মহামারিতে দারিদ্র্য ও অসহায় মানুষকে সহায়তা, দেশের অর্থনৈতিক চাকা চাল রাখা ও উন্নয়নের সঠিক ধারা অব্যাহত রাখার জন্য তিনি প্রায় এক লক্ষ কোটি টাকার বিশাল প্রণোদনা ঘোষণা করেছেন। দেশর শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ক সমস্যা মোকাবিলা, শিশুমৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। এই সকল কিছুই সম্ভব হয়েছে গত দশকে মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে এবং দ্রুততম সময়ের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের তৈরি করে দেয়া বিভিন্ন আইন ও নীতিমালার সঠিক বাস্তবায়নের মাধ্যমে।



Md. Shahriar Alam, MP
 State Minister
মোঃ শাহুরিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী



MINISTRY OF FOREIGN AFFAIRS
 GOVERNMENT OF THE
 PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
 DHAKA

বর্তমান করোনা পরিস্থিতিতে বাংলাদেশের বৈদেশিক মিশনসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রবাসীদের সমস্যা মোকাবিলায় সদা সচেষ্ট থাকার জন্য অনুরোধ করছি। এই মহাদুর্যোগ কাটিয়ে উঠতে প্রবাসী বাংলাদেশিরাও একে অপরের সহযোগিতায় এগিয়ে আসবে বলে আমি আশা করি।

জাতির পিতাকে হারানোর শোককে শক্তিতে পরিণত করার মাধ্যমে আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের ‘সোনার বাংলা’ ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত একটি ‘প্রযুক্তিনির্ভর উন্নত ও আধুনিক বাংলাদেশ’ গড়ার কাজে যার যার অবস্থান থেকে আত্মনিয়োগ করে দেশকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো – এবারের শোক দিবসে এই হোক আমাদের দৃঢ় অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
 বাংলাদেশ চিরজীবী হোক।



মোঃ শাহুরিয়ার আলম, এমপি